| | | |
|---|---|---|
| বিষয় | : | বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম-এর বিশেষ সাধারণ সভার কার্যবিবরনী। |
| তারিখ | : | ১৫ মার্চ ২০২৪, শুক্রবার |
| সময় | : | বিকাল ৪:০০ ঘটিকা |
| সভার স্থান | : | অফিসার্স ক্লাব, ঢাকা |
| সভাপতি | : | ড. মোহাম্মদ বেলায়েত হোসেন, সভাপতি, বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম ও সাবেক সচিব সেতু বিভাগ। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক”। |

বিশেষ সাধারণ সভার কার্যক্রম পরিচালনা করেন যুগ্মসচিব ও  ফোরামের সমাজ কল্যাণ সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম। তিনি প্রথমে বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম-এর উপস্থিত সকল সদস্যদেরকে সভায় স্বাগত জানান এবং আজকের সভার মূল আলোচ্য বিষয়গুলো উপস্থাপন করেন। পবিত্র কোরআন থেকে তেলওয়াতের মাধ্যমে সভার কাজ আরম্ভ হয়। পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন অফিসার্স ক্লাব, ঢাকা-এর মোয়াজ্জিন জনাব মো: মিরাজুল ইসলাম। তাঁরপর ফোরামের মহাসচিব সাবেক অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ও বর্তমানে সচিব, আটাব জনাব মোঃ ইমরানকে স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

জনাব মোঃ ইমরান জানান যে, বিগত ১৩ ডিসেম্বর ১৯৯৬ সালে ফোরামটি প্রতিষ্ঠিত হয়, তিনি ফোরাম গঠনের পটভূমি, উদ্দেশ্যাবলী এবং জন্মলগ্ন হতে ফোরামের ইতিবৃত্ত উপস্থিত সকলের অবগতির জন্য উপস্থাপন করেন। জন্মলগ্ন হতে ফোরামের দায়িত্ব পালনকারী সভাপতি এবং মহাসচিবদের নাম উল্লেখ করেন এবং তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিশেষ করে তিনি ফোরামের প্রতিষ্ঠাতা সভাপতি সাবেক তত্বাবধায়ক সরকারের মাননীয় উপদেষ্টা জনাব মোঃ শাহজাহান, ফোরামের সাবেক সভাপতি এবং সাবেক মন্ত্রীপরিষদ সচিব জনাব ড. সা’দত হুসাইনসহ অন্যান্য সকলের ফোরামের কার্যক্রমে তাঁদের অংশগ্রহনের বিষয়টি পূন:ব্যাক্ত করেন।

সহ সভাপতি জনাব কে এম মোজাম্মেল হক সাহেবকে আজকের বিশেষ সাধারণ সভার মূল আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলে তিনি জানান যে, গত ৪ঠা ডিসেম্বর’ ২০২০ তারিখে এক সভার মাধ্যমে বর্তমান কমিটি দায়িত্ব গ্রহণ করে। সারা বিশ্বে কোভিড পরিস্থিতিসহ অন্যান্য প্রতিকুল অবস্থার মাঝেও বর্তমান কমিটি অনেক সমাজসেবামূলক গুরুত্বপূর্ণ কাজকর্ম করেছে, এমনকি ফোরামের স্থায়ী অফিসের জন্য ১৯৭১ বর্গফুট আয়তনের স্পেস ক্রয় করতে সমর্থ হয়েছে। ফোরামের উক্ত অফিস স্পেস ক্রয়ে আর্থিক সহায়তা প্রদান করেছেন আবুল খায়ের গ্রুফ-এর ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর, নোয়াখালীর কৃতিসন্তান এবং বিশিষ্ট ব্যবসায়ী জনাব মো: আবু সাঈদ চৌধুরী। তিনি জানান যে, বর্তমান কমিটি অনেক উল্লেখযোগ্য কাজ করেছে এবং আরো অনেক সমাজসেবামূলক কাজ করার জন্য উদ্যোগ গ্রহণ করেছে। কিন্তু কোভিড পরিস্থিতি এবং রাজনৈতিক পরিস্থিতির কারনে সকল কাজ সম্পন্ন করতে পারেনি। এমতাবস্থায়, ফোরামের গঠনতন্ত্র মোতাবেক পরবর্তী কমিটি গঠনের জন্য বৃহত্তর নোয়াখালী জেলাসমূহের কর্মকর্তাদের মধ্যে সবচেয়ে সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী কে সভাপতির দায়িত্ব নেয়ার জন্য অনুরোধ করা হলে, তিনি ব্যস্থতাসহ দাপ্তরীক কারনে উক্ত দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করেন। তা-ছাড়া তিনি আরো সুপারিশ করেন যে, যেহেতু বর্তমান কমিটি বিভিন্ন প্রতিকূলতার মাধ্যমে দায়িত্ব পালন করেছে এবং অনেক সমাজসেবামূলক গুরুত্বপূর্ণ কাজকর্ম করতে সমর্থ হয়েছে। তাই বর্তমান কমিটিকে আরো এক মেয়াদ কাজ করার দায়িত্ব প্রদান করা যেতে পারে, যাতে করে তারা তাদের কর্মপরিকল্পনা মোতাবেক আরো সমাজসেবামূলক দায়িত্ব পালন করতে পারে এবং ফোরামের কার্যক্রমে আরো গতিশীলতা আনায়নে সক্ষম হবে বলেও আমি মনে করি। তিনি আরো জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী আরো প্রস্তাব করেন যে, বর্তমান কমিটিকে আরো এক মেয়াদে কাজ করার দায়িত্ব দেয়ার জন্যপ্রদান এবং মহাসচিব পদে বর্তমানে সিনিয়র কর্মকর্তাদের মধ্যে যার ন্যুনতম ৩ (তিন) বছর চাকুরী আছে এধরনের একজনকে নির্বাচন করা যেতে পারে।

এপর্যায়ে তিনি ফোরামের পরবর্তী কার্যনির্বাহী পরিষদের একটি রুপরেখা প্রস্তাব করেন যাহা নিম্নরুপ:

বর্তমান সভাপতিকে আরো এক মেয়াদের জন্য দায়িত্ব দেয়া যেতে পারে, মহাসচিব পদে বর্তমান দায়িত্ব পালনকারী জনাব মোঃ ইমরানকে সহ-সভাপতি এবং বর্তমান সহ-সভাপতি জনাব মোহাম্মদ আলী হোসাইন-কে সদস্য করা যেতে পারে। নতুন কমিটিতে বর্তমানে ইআরডি-তে কর্মরত অতিরিক্ত সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন-কে মহাসচিব পদের দায়িত্ব প্রদান করা যেতে পারে। তিনি আরো প্রস্তাব করেন যে, বৃহত্তর নোয়াখালী জেলার আরো ২ (দুই) জন একজন সিনিয়র সচিব জনাব মে: হুমায়ুন কবীর খোন্দকার ও একজন সচিব মো: মনজুর হোসেন-কে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করলে উপস্থিত প্রায় সকল সদস্য হাত তুলে সমর্থন করেন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী বলেন বর্তমান কমিটি দায়িত্ব নেয়ার পর থেকে যেসকল সামাজিক তথা বৃহত্তর নোয়াখালী জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম হাতে নিয়েছে তা প্রশংসাযোগ্য। বিশেষ করে তিনি ফেনী জেলায় অনুষ্ঠিত কিছু কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকার কথা উল্লেখ করেন। তিনি বলেন যেহেতু বর্তমান ফোরামের সভাপতি জনাব ড. মোহাম্মদ বেলায়েত হোসেন ফোরামকে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে গতিশীলতা আনতে সক্ষম হয়েছে, সেহেতু তাকে আরো এম মেয়াদে কাজ করার সুযোগ দেয়া যেতে পারে মর্মে ব্যক্ত করেন। কোভিড কালীন সময়ে গ্যাস সিলিন্ডার ও অন্যান্য দ্রব্যাদি ফোরামের মাধ্যমে বিতরণে সহায়তা করার জন্য আবুল খায়ের গ্রুফ-এর ডেপুটি ম্যনেজিং ডাইরেক্টর, নোয়াখালীর কৃতিসন্তান এবং বিশিষ্ট ব্যবসায়ী জনাব মো: আবু সাঈদ চৌধুরী-কে ধন্যবাদ জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

রূপালী ব্যাংকের সিইও এবং মহাব্যবস্থাপক জনাব মো: জাহাঙ্গীর বলেন এধরনের মহতি সংঘটনের সাথে নিজের সম্পৃক্ততাকে সম্মানীত বোধ করেন। তিনি জানান যে, তিনি এখনো এই ফোরামের সদস্য হতে পারেন নাই। তবে তিনি আশা করেন ভবিষ্যতে তিনি এই ফোরামের সদস্য হতে পারবেন এবং ফোরামের কাজে আরো নিবিড়ভাবে অংশগ্রহনের সুযোগ পাবেন বলে আশাবাদ ব্যাক্ত করেন।

প্রাক্তন স্বরাষ্ট্র সচিব এবং বর্তমানে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান জনাব ড. কামাল উদ্দিন আহমেদ বলেন আমি এই ফোরামের কাজের সাথে অনেক পূর্ব থেকে সম্পৃক্ত। ফোরামের প্রতিটি অনুষ্ঠানে আমার সর্বাত্তক চেষ্টা থাকে যেন আমি উপস্থিত হতে পারি। তিনি মনে করেন ফোরাম এমন কোন কার্যক্রম নেয়া সমূচিন হবেনা যেখানে ফোমের সদস্যদের কোন আর্থিক সুবিধা প্রাপ্তির সযোগ সৃষ্টি হবে, এতে করো ফোরামের মূল আদর্শ ও উদ্দেশ্য ব্যহত হতে পারে। তিনি ফোরামের উত্তোরোত্তর উন্নতি কামনা করে বক্তব্য শেষ করেন।

অফিসার্স ক্লাব, ঢাকা-এর মহাসচিব জনাব মেজবাহ উদ্দিন বলেন আমার বাড়ী ভোলা জেলায় কিন্তু আমার এই ফোরামের বেশ কয়েকটি অনুষ্ঠানে যোগদান করার সোভাগ্য হয় এবং আমার ভালো লাগে। তিনি জানান ভোলা এক সময়ে নোয়াখালী জেলার অধীনে ছিল। তিনি আরো জানান যে, তাঁর নানার বাড়ী নোয়াখালী, সেই সুবাদে তিনিও আধা নোয়াখাইল্লা। তিনি ফোরামের বিভিন্ন কার্যক্রমের কথা শুনে অভিভূত হন এবং ভবিষ্যতে ফোরাম আরো কার্যকরী ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যাক্ত করে বক্তব্য শেষ করেন।

আবুল খায়ের গ্রুফ-এর ডেপুটি ম্যনেজিং ডাইরেক্টর, নোয়াখালীর কৃতিসন্তান এবং বিশিষ্ট ব্যবসায়ী জনাব মো: আবু সাঈদ চৌধুরী বলেন তাঁর প্রতিষ্ঠান ফোরামের জনকল্যানমূলক কাজে ইতোপূর্বে সম্পৃক্ত ছিল, ভবিষ্যতে থাকবো। ফোরামের সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন বৃহত্তর নোয়াখালী জেলার জনগনের কল্যানে যেকোন জনহিতকর কাজ ফোরামের মাধ্যমে করা হলে ১০০% নিশ্চিত হয় যে, সেই কাজ সফলভাবে সম্পন্ন হবে। তিনি ফোরামের অগ্রগতি কামনা করে তাঁর বক্তব্য শেষ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি জনাব নিজামুল হক চৌধুরী বলেন বিগত বছরগুলো ফোরাম কর্তৃক যে সকল জনকল্যাণকর কাজ সম্পন্ন করেছে, তাশুনে তিনি অভিভূত। পরবর্তী পরিষদ বৃহত্তর নোয়াখালীবাসীর জনকল্যানে আরো নতুন নতুন উদ্যোগ গ্রহন করবে বলে আশাবাদ ব্যক্ত করে বক্তব্যের সমাপ্তি টানেন।

জনাব শাহব উল্লাহ, প্রাক্তন সচিব বলেন আমি নিজেও ফোরামের সভাপতি ছিলাম। ফোরামের কর্মকান্ড চলমান রাখার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহন করা হলেও সবসময় সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়না। তবে বিগত পরিষদ আমাদের অনেক দিনের স্বপ্ন তথা ফোরামের জন্য একটি স্থায়ী অফিস স্পেস ক্রয় করতে সক্ষম হয়েছে। তিনি বলেন ড. মোহাম্মদ বেলায়েত হোসেন-এর একক প্রচেষ্টায় এই দুরহ কাজটি সম্পন্ন হয়েছে, তার জন্য তাকে আমি ধন্যবাদ জানাই। ড. মোহাম্মদ বেলায়েত হোসেন-এর নেতৃত্বে আগামী কার্যনির্বাহী পরিষদ নোয়াখালীবাসীদের জন্য আরো জনহিতকর কাজ করতে সক্ষম হবে বলে আশাবাদ ব্যক্ত করে তিনি তার বক্তব্য শেষ করেন।

ফোরমের নবনির্বাচিত মহাসচিব ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন সবাইকে সালাম দিয়ে বক্তব্যের শুরুতে তিনি তাঁকে মহাসচিব পদে নির্বাচিত করায় সবার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এই দায়িত্ব যথাযথভাবে পালনে অপ্রান প্রচেষ্টা করবেন বলে জানান। তা-ছাড়া তিনি তাঁর দায়িত্ব পালনে ফোরামের সকল সদস্যদের সর্বাত্তক সহযোগিতা কামনা করে শেষ করেন।

সদস্য (কর), জাতীয় রাজস্ব বোর্ড জনাব এম এম ফজলুল হক আরিফ বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম-এর উপস্থিত সকল সদস্যদেরকে রমজানের প্রথম শুক্রবার শত ব্যস্ততার মাঝেও সভায় উপস্থিত হয়ে ফোরামের কাজে সহায়তা করার জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। নোয়াখালীর ভাষায় একটি ছোট গল্প উপস্থাপন করেন এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে তাঁর বক্তব্য সমাপ্তি করেন।

বিশেষ সাধারণ সভার সভাপতি জনাব ড. মোহাম্মদ বেলায়েত হোসেন বলেন, এই ফোরামের দায়িত্ব পালনকালে আমি বৃহত্তর নোয়াখালীর জন্য জনকল্যাণকর কাজ করার সর্বাত্নক চেষ্টা করেছি। কিছু কাজ শেষ করতে পেরেছি, কিছু কাজ এখনো বাকী রয়েছে। বিগত মেয়াদে সম্পাদিত উল্ল্যেখযোগ্য কর্মকান্ডের মধ্যে তিনি নিম্নেবণিত বিষয়গুলো উল্লেখ করেন:

১) বৃহত্তর নোয়াখালী জেলার মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি প্রদান;
২) ৩ (তিন) টি আঞ্চলিক পরিষদ গঠন এবং তাঁদের কার্যক্রম মনিটরিং;
৩) ৪০তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ নবীন কর্মকর্তাদের সংবর্ধনা ও ইফতার পার্টির আয়োজন;
৪) কোভিড কালীন সময়ে ৪০ টন খাদ্য সামগ্রী ত্রান হিসেবে বিতরন এবং বৃহত্তর নোয়াখালী জেলার বিভিন্ন হাসপাতালে অক্সিজেন সিলিন্ডার সরবরাহ;
৫) ফেনী নদীতে মাছের ফোনা অবমুক্তকরণ;
৬) ১১ই ফেব্রুয়ারী ২০২৩ তারিখে ঢালী'স আম্বার, মুন্সিগঞ্জ-এ বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম-এর পূনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন;
৭) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর নোয়াখালী জেলার ছাত্র-ছাত্রীদেরকে বিসিএস পরীক্ষায় আগ্রহী করে তোলার জন্য টিএসসি-তে সেমিনারের আয়োজন;
৮) বৃহত্তর নোয়াখালীর মেধাবী ছাত্রদের বিসিএস-এর মাধ্যমে চাকুরী নেয়ার জন্য অনুপ্রেরণা প্রদান, প্রশিক্ষণের মাধ্যমে মেধার বিকাশ এবং সরকারী চাকুরীতে আগ্রহী করে তোলার জন্য মোটিভেশনাল কার্যক্রম গ্রহনের জন্য "বৃহত্তর নোয়াখালী শিক্ষা উপ-কমিটি" নামে একটি উপ-কমিটি গঠন এবং কমিটি কর্তৃক বিভিন্ন কার্যকরী উদ্যোগ গ্রহণ।

তিনি আরো জানান যে, ফোরামের জন্মলগ্ন থেকেই ফোরামের কার্যনির্বাহী পরিষদ গঠনে কোনদিন নির্বাচন হয়নি, আমি আশা করি ভবিষ্যতেও একই প্রক্রিয়ায় কার্যনির্বাহী পরিষদ গঠনের কার্যক্রম অব্যহত থাকবে। তিনি আরো জানান যে, বিশেষ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের একান্ত অনুরোধের প্রেক্ষিতে তিনি ফোরামের পরবর্তী মেয়াদের দায়িত্ব নেয়ার জন্য সম্মত হয়েছেন। তিনি আশাবাদ ব্যাক্ত করেন যে, ফোরামের সকল সদস্য তাঁকে সকল ধরনের সহায়তা করবেন এবং বিগত মেয়াদের অসম্পূর্ণ কার্যক্রম সম্পন্ন করতে সক্ষম হবেন। উপস্থিত সচিব, সাবেক সচিব, সরকারী ও বেসরকারী কর্মকর্তাসহ অনুষ্ঠানে অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

সিদ্ধান্ত:

বিশেষ সাধারণ সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিতে বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম-এর আগামী ৩ (তিন) বছর মেয়াদী (জানুয়ারী ২০২৪- ডিসেম্বর ২০২৬) ৩৩ (তেত্তিশ) সদস্য বিশিষ্ট নিম্নেবর্ণিত কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয়:

## কার্যনির্বাহী পরিষদ, বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম (৩৩ সদস্য বিশিষ্ট)
## ৩ (তিন) বছর মেয়াদী (জানুয়ারী ২০২৪- ডিসেম্বর ২০২৬)

| | | |
|---|---|---|
| সভাপতি | জনাব ড. মোহাম্মদ বেলায়েত হোসেন<br>সাবেক সচিব, সেতু বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | ০১৯১৮৪৮৪৬০২<br>sobelayet@gmail.com |
| সহ-সভাপতি-১ | জনাব কে এম মোজাম্মেল হক<br>সাবেক সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ,<br>পরিকল্পনা মন্ত্রণালয় | ০১৭১১৬৪৫৪৫১<br>mozammelsecy@gmail.com |
| সহ-সভাপতি-২ | জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৯১২৫৮৪২৭৪<br>০১৭৬০৪০০৩৮৫ |
| সহ-সভাপতি-৩ | জনাব মোঃ ইমরান<br>সাবেক অতিরিক্ত সচিব<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০১৮৮২০৮৮৭৪৯<br>০১৭৫৫৬২৭৭৫৭<br>mdemran085@gmail.com |
| মহাসচিব | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>অতিরিক্ত সচিব, ইআরডি<br>আগারগাঁও, ঢাকা | ০১৭১১৫২৪১৮৫<br>hmanwar6264@gmail.com |
| যুগ্ম-মহাসচিব-১ | জনাব কামাল উদ্দিন<br>সাবেক পরিচালক (যুগ্মসচিব)<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, শিক্ষা মন্ত্রণালয় | ০১৬৭০১২৩৪৮৪<br>kamaluddin_60@yahoo.com |
| যুগ্ম-মহাসচিব-২ | জনাব সত্যজিত কর্মকার<br>সচিব, পরিকল্পনা বিভাগ,<br>শেরে বাংলা নগর, ঢাকা | ০১৭১১২৮৩১৬৬<br>satyajitk65@gmail.com |
| যুগ্ম-মহাসচিব-৩ | জনাব মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী<br>মহাপরিচালক, ডেডো<br>জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | ০১৮১৯২২৯৫৯৫<br>bellalhc@gmail.com |
| কোষাধ্যক্ষ | জনাব মোঃ আবদুর রব ভূঁইয়া<br>সাবেক অতিরিক্ত পরিচালক<br>সরকারি আবাসন অধিদপ্তর | ০১৭১৮১৩৯৩৭৯ |
| সাংগঠনিক সচিব | জনাব কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম<br>যুগ্মসচিব, সমাজ কল্যান মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৭৭২৭০৭২৫৭<br>০১৭৬৪১৯৮১৩৫<br>kms.bd2013@gmail.com |
| যুগ্ম-সাংগঠনিক সচিব-১ | জনাব এম এম ফজলুল হক আরিফ<br>সদস্য (কর), জাতীয় রাজস্ব বোর্ড<br>আগারগাঁও, ঢাকা | ০১৭১৫১৬০১৬০<br>fharif@agni.com |
| যুগ্ম-সাংগঠনিক সচিব-২ | ড. জাহাঙ্গীর হোসেন<br>সহযোগী অধ্যাপক<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | ০১৭১৮৫৩৩৯৪৪<br>jahangir_55555@yahoo.com |
| যুগ্ম-সাংগঠনিক সচিব-৩ | জনাব নূর উদ্দিন আহমেদ<br>সাবেক সহকারী পরিচালক<br>সরকারি আবাসন অধিদপ্তর | ০১৭১১০৩৫০৭৮<br>০১৫৭২৬১১৯৯৪<br>ahmednuruddin64@gmail.com |

| | | |
|---|---|---|
| সমাজ কল্যাণ সচিব | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (যুগ্মসচিব)<br>এস.পি.এফ.এম.এস, অর্থ বিভাগ<br>আই.ই.বি ভবন, শাহবাগ, ঢাকা | ০১৭১১৭৩৭৮০২<br>rafi_nbd@yahoo.com |
| প্রকাশনা সচিব | জনাব মোঃ আবু নাছের<br>উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০১৭১৬৪৭৮৩৯৪<br>nasertipu007@gmail.com |
| সাংস্কৃতিক ও ক্রীড়া সচিব | বেগম আজিজুন নাহার<br>উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ<br>শেরে বাংলা নগর, ঢাকা | ০১৭১১৪৫২২৫৫<br>nazizun15@gmail.com |
| প্রচার সচিব | জনাব মাহবুবুর রহমান তুহিন<br>পিআরও, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৫৫২৪৭৫০০৯<br>০১৮২৬৬৬৭৭০০<br>mrtuhin78@gmail.com |
| দপ্তর সচিব | জনাব মোঃ মোছলেহ উদ্দিন<br>সাবেক সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি<br>জনপ্রশাসন মন্ত্রনালয় | ০১৭১৫০৪৮০৭০<br>paccmusleh@gmail.com |
| সদস্য-১ | জনাব মে: হুমায়ুন কবীর খোন্দকার<br>সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৮১৯৪০৯৫৯৬ |
| সদস্য-২ | মো .মনজুর হোসেন<br>সচিব, সেতু বিভাগ<br>সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড,বনানী, ঢাকা। | ০১৭০০৭১৬৩০০<br>০১৭১১৩৭৮৩২৯ |
| সদস্য-৩ | জনাব মোহাম্মদ আলী হোসাইন<br>জেলা ও দায়রা জজ, ঢাকা | ০১৯২৫৮৩২৪৬৩<br>ahjudge1969@gmail.com |
| সদস্য-৪ | জনাব মোঃ ইকবাল হোসেন<br>সদস্য (কর), জাতীয় রাজস্ব বোর্ড<br>আগারগাঁও, ঢাকা | ০১৭১১২৭১০৩৮<br>iqbalbd71@yahoo.com |
| সদস্য-৫ | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৯৭১৫০৭০২৪<br>ma_yusuf@hotmail.com |
| সদস্য-৬ | জনাব নাঈম উদ্দিন আহমেদ<br>রাষ্টাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়<br>সেগুনবাগিচা, ঢাকা | ০১৭১১৫২৫১১১<br>nayem.ahmed@mofa.gov.bd |
| সদস্য-৭ | জনাব মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী<br>পরিচালক (যুগ্ম-সচিব), সমাজ সেবা অধিদপ্তর | ০১৯১৬৬৬৪৪৪৪ |
| সদস্য-৮ | জনাব জিন্নাত রেহানা<br>যুগ্মসচিব, বানিজ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৭১১৭৩৮১৫৪<br>jinnat.rehana@yahoo.com |
| সদস্য-৯ | জনাব মোহাম্মদ ফজলে আজিম<br>যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৭১২৬২৬২৮৭<br>fazla_azim21@yahoo.com |
| সদস্য-১০ | জনাব জসীম উদ্দীন হায়দার<br>যুগ্মসচিব,স্বাস্থ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ০১৭১১১৭৪৬৬২<br>০১৭২৬৯৪৯৭৪৮ |
| সদস্য-১১ | জনাব মনসুর আহমেদ<br>অতিরিক্ত পরিচালক<br>জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এন.এস.আই.) | ০১৭১১৬৬৬৭৭৫<br>biplob2010.bd@gmail.com |

| | | |
|---|---|---|
| সদস্য-১২ | জনাব মো: আমজাদ হোসেন<br>জেনারেল ম্যানেজার (উপ-সচিব), বিআরটিসি | ০১৭১১০৩৮৮৮৩<br>amjad.....@gmail.com |
| সদস্য-১৩ | ডাঃ মো: কফিল উদ্দিন<br>সহকারী অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনষ্টিটিউট ও<br>হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা | ০১৭১২২০৩২৫০<br>০১৮৩৩৩৮৭২৬৬<br>dr.kofiluddin@gmail.com |
| সদস্য-১৪ | জনাব ফজলুর রহমান<br>ডিএমপি, বাংলাদেশ পুলিশ | ০১৭১০২৭০১৩২<br>fazlu30police@gmail.com |
| সদস্য-১৫ | জনাব মো: হারুনুর রশীদ<br>জেনারেল ম্যানেজার, রুপালী ব্যাংক লিমিটেড<br>প্রধান কার্যালয়, ৩৪ দিলকুশা বা/এ, ঢাকা | ০১৭৩১৫১৩২৩৪<br>mhr_rbl@yahoo.com |

নতুন কার্যনিবাহী পরিষদ, ফোরামের গঠনতন্ত্র মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

কে এম মোজাম্মেল হক
সাবেক সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ও
সহ-সভাপতি
বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম

ড. মোহাম্মদ বেলায়েত হোসেন
সাবেক সচিব
সেতু বিভাগ
ও
সভাপতি
বৃহত্তর নোয়াখালী কর্মকর্তা ফোরাম